রেডিও মেঘনা

# মেঘনা বুলেটিন নভেম্বর, ২০২৩: সংখ্যা: ৬৮

## আমাদের উদ্দেশ্য

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ট্রাস্ট এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবণ-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাশন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সাংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।



/radiomeghna99.0 radiomeghna.net

## ‘উৎকর্ষ অনুষ্ঠান সঞ্চয়ের গুরুত্ব’ শুনে ভবিষ্যৎতের জন্য সঞ্চয় করা শুরু করেন আমিনুল ইসলাম



পৌরসভা ৪নং ওয়ার্ড মর্ডান পাড়া’র আমিনুল ইসলাম (৩৮)। শিক্ষকতাই যার মূল পেশা। রেডিও মেঘনার নিয়মিত একজন শ্রোতা তিনি। রেডিও মেঘনার ফেসবুক পেইজে সঞ্চয়ের গুরুত্ব নিয়ে একটা অনুষ্ঠান দেখে ছিলাম। সঞ্চয়ের গুরুত্ব যে একেবারে জানতাম না তা নয়। সঞ্চয় গুরুত্বটা এতো ভালো ভাবে, এতো নিখুঁত ভাবে বুঝানো হয়েছিল যে পরামর্শ গুলো শুনেই আমার গুরুত্বটা অনুভব হতে লাগলো। বিষয়টা নিয়ে আমার স্ত্রীর সাথে আলোচনা করি। আমি ও আমার সহধর্মিণী মিলে মেয়ে আর্ফারিনে (৮) এর জন্য ২হাজার টাকা হারে মাসিক সঞ্চয় একাউন্ট খুলি। এরপর থেকে রেডিও মেঘনার উৎকর্ষ অনুষ্ঠানের যেমন: আর্থিক পরিকল্পনার গুরুত্ব ও বাজেটিং প্রতিটি অনুষ্ঠান শুনি। এখন আমরা সংসারের সকল প্রকার খরচ ও সঞ্চয় সব কিছুই ভালো ভাবে ম্যানেজ করতে পারছি। বিশেষ করে উৎকর্ষ অনুষ্ঠান থেকে ভালো উপকার পেয়েছি আমি।

*আমিনুল ইসলামের সাক্ষাৎকার গ্রহণ করছেন, মৌসুমী মনীষা, ছবি তুলেছেন, তাসপিয়া, স্থান: পৌরসভা ৪নং ওয়ার্ড মর্ডান পাড়া, তারিখ: ১০ অক্টোবর ২৩*

## ঘূর্ণিঝড় ‘হামুন’ এর প্রস্তুতি সম্পর্কে বলছেন উপজেলার নির্বাহী কর্মকর্তা নওরীন হক।



ভোলার চরফ্যাসন উপকূল জুড়ে ঘূর্ণিঝড় ‘হামুন’ আতংঙ্কে নিম্নাঞ্চল এলাকার লোকজনকে দ্রুত সাইক্লোন শেল্টারে সরিয়ে নিতে প্রশাসনের তৎপরতা চলছে বলে জানান চরফ্যাসন উপজেলার নির্বাহী কর্মকর্তা নওরীন হক। তিনি বলেন, চরফ্যাসনে ১শ ৬৫টি ইউনিটে ২ হাজার ৪শ ৭৫ জন স্বেচ্ছাসেবক

উপকূল এলাকার লোকজনকে নিরাপদ আশ্রয়ের জন্যে কাজ চলছে। ৪টি মাটির কেলণ্ডা রয়েছে। ঢালচর, চর- কুকরিমুকরি, মুজিবনগর, মনপুরা এসব স্থানের মানুষকে আশ্রয়কেন্দ্রে নেওয়া শুরু হয়েছে এবং শুকনা খাবারের প্যাকেট ও ঔষুধ প্রস্তুত রাখা হয়েছে। এছাড়াও গবাদি পশুর জন্য ৪টা মুজিব কিল্লা প্রস্তুত রয়েছে। প্রতিটা ইউনিয়নের জন্য উপজেলা স্বাস্থ্য কমপেণ্ডক্সে একটি করে মেডিকেল টিম গঠন করা হয়েছে।



*ঘূর্ণিঝড় ‘হামুন’ নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা নওরীন হক’এর সাক্ষাৎকার নিয়েছেন উম্মে নিশি, স্থান: উপজেলা পরিষদ, তারিখ: ২৪ অক্টোবর ২৩*

## রেডিও মেঘনার অনুষ্ঠান ‘নবযাতকের যত্ন’ শুনে শিশুর পরিচ্ছন্নতা বিষয়ে জানাতে পারলেন কিশোরী নাহিদা

নাহিদা চলতি বছর কলেজে এডমিশন নিয়েছে। অষ্টম শ্রেণী থেকে রেডিও মেঘনা শুনতো বড় বোনের সাথে। আজ থেকে ছয় মাস আগে একদিন রেডিও মেঘনায় একটা ‘স্বাস্থ্য কথা’ অনুষ্ঠানে নবজাতকের যত্ন সম্পর্কে শুনে নাহিদা। শিশুদের সকল অনুষ্ঠানই ভালো লাগে তার। নাহিদা বলেন, ‘স্বাস্থ্য কথা’ অনুষ্ঠানে শুনলাম সন্তান জন্মের সাথে সাথে গোসল করানো, চুল ফালানো বা নখ কাটা উচিত নয়। বরং সন্তান জন্মের সাথে সাথে মায়ের বুকের শাল দুধ খাওয়ানো উচিত।

অনেক মাস পরে ফারজানা ভাবির একটা মেয়ে হয়েছে। শিশুটিকের জন্মের সাথে সাথে শাল দুধ খাওয়ানোর কথা বলেন নাহিদা। এরপর শিশুটিকে গোসল করানোর থেকে বিরত রাখা, চুল ও নখ না কাটা হয় সেবিষয়েও বলা হয়। বর্তমানে নিতুর বয়স পাঁচ মাস। নিতুকে পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে খেয়াল রাখতে ভুল করেন না ফারজানা ভাবি। এরপর থেকে রেডিও মেঘনা শুনতে শুরু করে ও ধন্যবাদ রেডিও মেঘনকে।



*নাহিদা'র সাক্ষাৎকার গ্রহণ করছেন, তাসপিয়া, ছবি তুলেছেন, ফাতেমা, স্থান: দক্ষিণ-ফ্যাশন, তারিখ: ১৬ অক্টোবর ২৩*

## *আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস উপলক্ষে রেডিও মেঘনায় নারী উদ্যোক্তাকে সম্মাননা পত্র প্রদান*



"নারীর প্রতি সাইবার অপরাধ দমনে দরকার সচেতনতা সৃষ্টি, সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোর কার্যকর উদ্যোগ গ্রহণ" -এই প্রতিপাদ্যকে সামনে রেখে চরফ্যাসন উপজেলার একমাত্র কমিউনিটি রেডিও রেডিও মেঘনার স্টুডিওতে সরাসরি আলাপাচারিতা অনুষ্ঠানের আয়োজন করা হয়। আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস -২০২৩ উপলক্ষে গত রোববার (১৫ অক্টোবর) বিকাল ৫.০০ টায় চরফ্যাসন কোস্ট ফাউন্ডেশন কার্যালয়ে রেডিও মেঘনার আয়োজনে দিন ব্যাপী বিভিন্ন প্রোগ্রামের প্রচারের পাশাপাশি নারী উদ্যোক্তা সম্মাননা সনদ প্রদান করা হয়েছে।

উক্ত আলাপচারিতা অনুষ্ঠানে রেডিও মেঘনার প্রোগ্রাম প্রযোজক, আছমা আক্তার সুরভীর সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, রিপন কুমার সাহা পুলিশ পরিদর্শক তদন্ত, চরফ্যাসন থানা এবং নারী উদ্যোক্তা মোসাঃ রেহানা চৌধুরী।

এসময় পুলিশ পরির্দশক (তদন্ত) রিপন কুমার সাহা বলেন, অনলাইনে নারী ও কিশোরীরা নানান রকম হয়রানির শিকার হচ্ছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে আপত্তিকর ছবি, ভিডিও এবং গোপন তথ্য ফাঁসের মাধ্যমে ব্লাকমেইল ও টাকা হাতিয়ে নেয়া সহ অনলাইনে যৌন হেনস্থা বা নির্যাতনের ঘটনা ঘটছে। এ বিষয় কিশোরী ও নারীদের পরিবারকে সচেতন হতে হবে। এছাড়া চরফ্যাসনের সার্বিক পরিস্থিতি নিয়ে তিনি বলেন, ইতোমধ্যে চরফ্যাসনের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিয়ে সচেতনতা মুলক সভা করার পাশপাশি এর সমস্যা সমাধানের বিষয় আলোচনা করা হয় বলে জানান তিনি।

অক্টোবর আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস ২০২৩ উপলক্ষ্যে নারী উদ্যোক্তা রেহানা চৌধুরী'র হাতে সনদ পত্র তুলে দেন রিপন কুমার সাহা পুলিশ পরিদর্শক তদন্ত, চরফ্যাসন থানা ও রেডিও মেঘনার প্রোগ্রাম প্রযোজক, আছমা আক্তার সুরভী, স্থান: রেডিও মেঘনা'র অনএয়ার রুম, তারিখ: ১৫ অক্টোবর।

## *এক নজরে রেডিও মেঘনা'র শ্রোতা মতামত*



- *'স্বাস্থ্য কথা' অনুষ্ঠানে শুনলাম সন্তান জন্মের সাথে সাথে গোসল করানো, চুল ফালানো বা নখ কাটা উচিত নয়। বরং সন্তান জন্মের সাথে সাথে মায়ের বুকের শাল দুধ খাওয়ানো উচিত বলে জানালেন নাহিদা।*



- *টকশো থেকে স্তন ক্যানসারের লক্ষণ সম্পর্কে জেনে, লামিয়া শ্রোতা পরীক্ষা করে দেখেছে নিজের এমন লক্ষন আছে কিনা।*



- *ঘূর্ণিঝড় 'হামুন' গর্ভবতী মায়ের স্বাস্থ সুরক্ষায় সাইক্লোন সেল্টার এ যাচ্ছে ডালচরের লোকজন, তারিখ: ২৪ অক্টোবর ২৩*

**Assistant Station Manager, Mobile Number, 01708120390**

**facebook.com/radiomeghna99.0**